

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
Web site: www.doict.gov.bd

স্মারক নং-৫৬.০৪.০০০০.০০২.১১.০০৩.১৫-৩৮৪৫

তারিখ: ০৯/০৩/২০১৭খ্রি:


বিষয়:- স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহে ইন্টারনেট সংযোগ চালু থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ২০১৫-২০১৬ অর্থ বছরে সারাদেশে ২০০১টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। প্রতিষ্ঠানগুলিতে প্রকল্প ব্যয়ে ০৬ মাসের জন্য (জুন-নভেম্বর, ২০১৬ইং) ইন্টারনেট সংযোগের ব্যবস্থা থাকলেও বর্তমানে মেয়াদ শেষ হওয়ায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ না থাকার অভিযোগ পাওয়া যাচ্ছে।

উল্লেখ্য স্থাপিত ল্যাব সমূহ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ল্যাব পরিচালনা নীতিমালা-২০১২ অনুযায়ী এবং প্রকল্প দপ্তরের সহিত চুক্তিনামার আলোকে পরিচালিত হবে। ল্যাব পরিচালনা নীতিমালা-২০১২ অনুযায়ী ১১নং শর্ত মোতাবেক ল্যাবের সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে, কোন যান্ত্রিক ত্রুটি দেখা দিলে প্রতিষ্ঠান নিজস্ব ব্যয়ে মেরামত করে বা বিকল্প ব্যবস্থা গ্রহণ করে ইন্টারনেট ব্যবহার অব্যাহত রাখবে। প্রকল্প দপ্তরের সহিত চুক্তিনামার আলোকে ৪নং শর্ত মোতাবেক প্রয়োজনীয় ইন্টারনেট বিল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিশোধ করবে মর্মে প্রতিষ্ঠান প্রধানগণ চুক্তি স্বাক্ষর করেন।

এমতাবস্থায়, স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান ও নিয়মিত মনিটরিং এর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


০৭/০৩/২০১৭
বনমানী ভৌমিক
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন-০২-৮১৮১১০০

জেলা প্রশাসক,

ঢাকা/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/নরসিংদী/শরীয়তপুর/শেরপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/রাজবাড়ী/টাঙ্গাইল/জামালপুর/কিশোরগঞ্জ/মাদারীপুর/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/চট্টগ্রাম/কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/ফেনী/চাঁদপুর/লক্ষ্মীপুর/নোয়াখালী/সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ/বাগেরহাট/চুয়াডাঙ্গা/যশোর/ঝিনাইদাহ/খুলনা/কুষ্টিয়া/মাগুরা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষীরা/বরিশাল/ভোলা/বরগুনা/ঝালকাঠি/পিরোজপুর/পটুয়াখালী/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও।

অনুলিপি :

- ১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (দৃঃ আঃ সহকারী প্রধান, পরিকল্পনা-২)।
- ২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) পরিচালক (অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশ এবং সভা সফল করার লক্ষ্যে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারদের গ্রুপ মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৪) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ৫) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) জেলা/ উপজেলার প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (সকল)।
- ৭) সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার (সকল), সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
- ৮) অধ্যক্ষ/ সুপার/ প্রধান শিক্ষক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান (সকল)।
- ৯) অফিস কপি।